আলমডাঙ্গায় ভ্রাম্যমান আদালতে দুই মাদকসেবীর বিনাশ্রম কারাদন্ড

আলমডাঙ্গায় ভ্রাম্যমান আদালত পরিচালনা করে দুই মাদকসেবীর ৩মাস করে বিনাশ্রম কারাদন্ড প্রদান করেছে। গতকাল রবিবার উপজেলা সহকারী কমিশনার ভূমি হুমায়ন কবীর ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন।

জানাগেছে, উপজেলার চিৎলা গ্রামের জাহা বকসের ছেলে রাসেল (৩০) ও একই গ্রামের করিম মল্লিকের ছেলে জহুরুল ইসলাম (২৯) দীর্ঘদিন ধরে এলাকায় গাঁজা সেবন করে আসছিল। গত ২৯শে মে দুপুরে তারা মাঠের মধ্যে গাঁজা সেবনকালে হাপানিয়া ক্যাম্প পুলিশের ইনচার্জ এসআই গোলাম মোস্তফা সঙ্গীয় ফোর্স নিয়ে অভিযান চালিয়ে তাদের দুজনকে আটক করে।

এসময় তাদের নিকট থেকে গাঁজা ও সেবনের সরঞ্জাম উদ্ধার করে। আটকের পর উপজেলা সহকারী কমিশনার ভূমি মো: হুমায়ন কবীরকে সংবাদ প্রদান করলে তিনি ভ্রাম্যমান আদালত পরিচালনা করে দুজনকে ৩ মাস করে বিনাশ্রম কারাদন্ড প্রদান করেন।

কোটচাঁদপুরে শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪০তম শাহাদত বার্ষিকী পালিত

ঝিনাইদহের কোটচাঁদপুরে নানা আয়োজনের মধ্য দিয়ে বিএনপি’র প্রতিষ্ঠাতা শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪০ তম শাহাদত বার্ষিকী পালিত হয়েছে। শনিবার (৩০মে) সকালে উপজেলা ও পৌর বিএনপি’র আয়োজনে উপজেলা ও পৌর কার্যালয়ের সামনে জাতীয় ও কালো পতাকা উত্তোলন করা হয়। পরে কোরআন তেলাওয়াত, আলোচনা সভা ও

জিয়াউর রহমানের আত্মার শান্তি কামনা করে বিশেষ দোয়া ও দুস্থদের মাঝে খাবার বিতরণ করা হয়।

পৌর বিএনপি’র সভাপতি সালাহউদ্দীন বুলবুল সিডলের সভাপতিত্বে আলোচনা সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বিএনপি’র কেন্দ্রীয় নির্বাহী কমিটির তথ্য ও গবেষণা বিষয়ক সহ-সম্পাদক আমিরুজ্জামান খাঁন শিমুল। এসময় তিনি বলেন, মহান স্বাধীনতার ঘোষক বহুদলীয় গণতন্ত্রের প্রবর্তক আধূনিক বাংলাদেশের স্থপতি শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান (বীর উত্তম) এর ৪০ তম শাহাদত বার্ষিকীতে বিশেষ ভাবে স্বরণ করছি। বর্তমান পরিস্থিতিতে করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে স্বাস্থ্যবিধি মেনে দলের ভাইস চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে সল্প পরিসরে মহান এই নেতার শাহাদত বার্ষিকী পালন করা হচ্ছে।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি অধ্যাপক আব্দুর রাজ্জাক, সাধারণ সম্পাদক লিয়াকত আলী, জেলা বিএনপির আহ্বয়ক কমিটির সদস্য আবুবকর বিশ্বাস, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম। সাবেক উপজেলা বিএনপি’র দপ্তর সম্পাদক শহিদুল ইসলামের সঞ্চালনায় আলোচনা সভায় বক্তব্য রাখেন, সাবেক উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ও এলাঙ্গী ইউনিয়ন বিএনপি’র সভাপতি মোঃ ইকরামুল হক, পৌর বিএনপির সাবেক যুগ্ন-সাধারণ সম্পাদক শরাফৎ হোসেন, সাফদারপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি ফরিদ আহম্মেদ, বলুহর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আশরাফ আলী, দোড়া ইউনিয়ন বিএনপি’র সভাপতি মিজানুর রহমান শান্টু, উপজেলা যুবদল নেতা আশরাফুজ্জামান খাঁন মুকুল, প্রমূখ।

এছাড়া উপস্থিত ছিলেন, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মির্জা টিপু, সাবেক ছাত্র নেতা ও সাবেক পৌর কাউন্সিলর কামাল হোসেন সহ উপজেলা ও পৌর বিএনপি এবং অঙ্গ সংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতা- কর্মীরা। পরে দুস্থদের মাঝে খাবার বিতরণ করা হয়।

[redacted]

[redacted]

[redacted]

[

হিসেবে দুই পরিবারের লোকজন সহ উপস্থিত সকলে চুয়াডাঙ্গা সদর থানা পুলিশের এই ধরনের কার্যক্রম কে সাধুবাদ জানান।

চুয়াডাঙ্গায় শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪০ তম শাহাদাৎ বার্ষিকী পালন

বাংলাদেশ জাতীয়তাবাদী দল-বিএনপির প্রতিষ্ঠাতা, সাবেক প্রেসিডেন্ট ও বহুদলীয় গণতন্ত্রের পুনঃপ্রবর্তক জিয়াউর রহমানের ৪০তম শাহাদাতবার্ষিকী আজ।
১৯৮১ সালের এই দিবাগত রাতে চট্টগ্রাম সার্কিট হাউসে একদল বিপথগামী সৈনিকের হাতে তিনি শাহাদাত বরণ করেন। সেই থেকেই তার প্রতিষ্ঠিত দল বিএনপি দিবসটিকে জিয়াউর রহমানের শাহাদাৎবার্ষিকী হিসেবে পালন করে আসছে তারই ধারাবাহিকতায় চুয়াডাঙ্গা জেলা বিএনপি’র আয়োজনে জিয়াউর রহমানের ৪০তম শাহাদাৎ বার্ষিকী পালন করা হয়।

শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ৪০ তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে আজ সকাল ৬ ঘটিকার সময় স্থানীয় বালিকা উচ্চবিদ্যালয়ের সামনে জেলা বিএনপির কার্যালয়ে দলীয় ও কালো পতাকা উত্তোলন এবং কালো ব্যাজধারন কর্মসুচি অনুষ্ঠিত হয়, অনুষ্ঠানে জেলা বিএনপির সিনিয়র যুগ্ন-আহবায়ক এড ওয়াহেদুজ্জামান বুলা নেতৃত্বে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য শহিদুল ইসলাম রতন,আবু জাফর মন্টু,রেজাউল করিম মুকুট,বিএনপি নেতা এড মঈনুল ও আক্তারুজ্জামান জেলা স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ন-সম্পাদক মুনজুরুল জাহিদ, জেলা যুব দলের সহ সভাপতি রবিউল ইসলাম, জেলা ছাত্রদলের সহ সভাপতি শেখ শাহবাজ সুজন,সাংগঠনিক সম্পাদক আহসান হাবীব মামুন,যুগ্ন-সম্পাদক সাজিদ হাসান মালিক সজিব,যুগ্ন-সম্পাদক ইখলাস মুন রায়হান, পৌর ছাত্রদলের যুগ্ন আহবায়ক রানা হামিদ,শ্রমিক দলের নেতা আব্দুর রাজ্জাক।

ঝিনাইদহের হলিধানী ইউনিয়নে উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠিত

ঝিনাইদহ সদর উপজেলার ৪নং হলিাধানী ইউনিয়নে ২০২১-২০২২ অর্থ বছরের উন্মুক্ত বাজেট সভা অনুষ্ঠিত হয়েছে।
রবিবার সকাল ১১টায় হলিধানী ইউনিয়ন পরিষদের হল রুমে এ উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়। ২০২১-২০২২ অর্থ বছরে ইউনিয়ন পরিষদের সম্ভাব্য আয় ব্যয়ের বাজেট ধরা হয়েছে ৫৮,৩৮,২০৮/= (আটান্ন লাখ আটত্রিশ হাজার দুইশত আট) টাকা। এই উন্মুক্ত বাজেট পেশ করেন হলিধানী ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ মতিয়ার রহমান। এসময় হলিধানী ইউনিয়ন পরিষদের সচিব সৈকত আলী, ইউনিয়ন পরিষদের ৪নং ওয়ার্ডের মেম্বার আবুল হোসেনসহ সকল ওয়ার্ডের সাধারণ ও সংরক্ষিত ওয়ার্ডের মহিলা মেম্বারগণ এবং স্থানীয় গন্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। বাজেট সভা শেষে উপস্থিত সকলের মাঝে ইউনিয়ন পরিষদের পক্ষ থেকে মিষ্টি বিতরণ করা হয়।

ভারতে নারী পাচার চক্রের হোতা আশরাফুল স্ত্রী সহ আটক

টিক টক মডেল হওয়ার লোভ দেখিয়ে ভারতে নারী পাচার চক্রের হোতা আশরাফুল ইসলাম ওর ফেরাফির বাড়িতে অভিযান চালিয়ে স্ত্রী ও দুই ভাগ্নেকে আটক করেছে ঢাকা র্যাবের একটি বিশেষটিম।

এরপর ঝিনাইদহ কোয়ারেন্টাইন সেন্টার থেকে আশরাফুল কে আটক করা হয় বলে জানা যায়। রবিবার ভোরে আশরাফুলের গ্রামের বাড়ি ঝিনাইদহের শৈলকুপার ৬নং সারুটিয়া ইউনিয়নের নাদপাড়াতে এ অভিযান চালানো হয়।

কোটচাঁদপুরে আম পাড়তে গিয়ে গাছ থেকে পড়ে যুবকের মৃত্যু

ঝিনাইদহের কোটচাঁদপুরে আম পাড়তে গিয়ে গাছ থেকে পড়ে মানোয়ার হোসেন (৩২) নামে এক ট্রাক চালক যুবকের মৃত্যু হয়েছে। শনিবার রাত ১০ টার দিকে ঢাকায় নেওয়ার পথে তার মৃত্যু হয়।

উপজেলার এলাঙ্গী ইউনিয়নের বলরামপুর গ্রামে শনিবার বেলা ১১ টার দিকে আম পাড়তে গিয়ে এদূর্ঘটনা ঘটে। স্থানীয় ইউপি সদস্য ইকবাল হোসেন জানান, শনিবার বেলা ১১টার দিকে বলরামপুর গ্রামের আমির আলীর একটি আম গাছ থেকে আম পাড়তে যায় ট্রাক চালক মানোয়ার। এসময় গাছের ডাল ভেঙ্গে মেইন সড়কে পড়ে যায় সে। এতে বুকে ও মাথায় গুরতর আঘাত পায়।

স্থানীয়রা তাকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্সে নিয়ে যায়। অবস্থার অবনতি হলে প্রথমে যশোর জেনারেল হাসপাতালে পরে উন্নত চিকিৎসার জন্য ঢাকায় নেওয়ার পথে তার মৃত্যু হয়। তিন সন্তানের জনক নিহত ট্রাক চালক ওই গ্রামের মোঃ জামাত আলীর ছেলে।

কোটচাঁদপুর থানার অফিসার ইনচার্জ মোঃ মঈন উদ্দিন জানান, দূর্ঘটনার খবর পেয়েছি। এঘটনায় লিখিত কোন অভিযোগ পাওয়া যায়নি।

গাংনীতে জিয়াউর রহমানের মৃত্যু বার্ষিকী পালন

বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ৪০ তম মৃত্যু বার্ষিকী পালন উপলক্ষে মেহেরপুরের গাংনীতে আলোচনা সভা ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। আজ রোববার দুপুরে গাংনী উপজেলা বিএনপি কার্যালয়ে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা বিএনপি সহ সভাপতি জাভেদ মাসুদ মিল্টন।

অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন জেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক জুলফিকার আলী ভুট্টো, যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুল আওয়াল, গাংনী উপজেলা বিএনপি সভাপতি রেজাউল হক ও পৌর বিএনপির সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা সহ বিএনপি ও অঙ্গ সংগঠন নেতৃবৃন্দ।

আলোচনা সভার পর জিয়াউর রহমানের আত্মার মাগফেরাত ও খালেদা জিয়ার সুস্থতা কামনায় দো’আ মোনাজাত করা হয়।

মেহেরপুর জেলা বিএনপি’র বিভিন্ন কর্মসূচী পালন

মহান স্বাধীনতার ঘোষক শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান বীর উত্তমের ৪০তম শাহাদত বার্ষিকীতে মেহেরপুর জেলা বিএনপি’র কর্মসূচী আনুষ্ঠানিকভাবে দলীয় পতাকা ও কালো পতাকা উত্তোলনের মাধ্যমে শুরু হয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন। সভায় বক্তব্য রাখেন জেলা বিএনপি’র সহ-সভাপতি আব্দুর রহমান, ইলিয়াস হোসেন, সদর উপজেলা বিএনপি’র সভাপতি মারুফ আহমেদ বিজন, মুজিবনগর উপজেলা বিএনপি’র সভাপতি আমিরুল ইসলাম, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।
উপস্থতি ছলিনে জলো বিএনপির সাংগঠনকি সম্পাদক আব্দুর রশদি, সদর উপজলো বিএনপির সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম,সাংগঠনকি সম্পাদক শাহাবুদ্দনি মোল্লা, জলো যুবদলরে সভাপতি জাহদিুল হক জাহদি, জলো স্বচ্ছোসবেক দলরে সাধারণ সম্পাদক আজমল হোসনে মন্টিু প্রমুখ।

গাংনীতে ব্যাবসায়ীর ওপর নৃশংস হামলার প্রতিবাদে ব্যাবসায়ীদের মানববন্ধন

গাংনী বাজারের ব্যাবসায়ী ও বাজার কমিটির সাবেক সভাপতি হাফিজুর রহমান মানিকসহ চার জন কে নৃশংস ভাবে কুপিয়ে হত্যা চেষ্টা কারিদের গ্রেফতার ও দৃষ্টান্ত মুলক শাস্তির দাবিতে মানববন্ধন করেছে স্থানীয় ব্যাবসায়িরা।

রবিবার বেলা ১১ টার সময় গাংনী বাজার বাস স্ট্যান্ড চত্তরে মানববন্ধন অনুষ্ঠিত হয়। ব্যাবসায়ী আয়োজিত মানববন্ধনে সভাপতিত্ব করেন বাজার কমিটির সভাপতি মাহাবুবুর রহমান স্বপন। এসময় বক্তব্য রাখনে জেলা আওয়ামীলীগের সাধারন সম্পাদক ও উপজেলা চেয়ারম্যান এম এ খালেক, গাংনী পৌর সভার মেয়র আহাম্মদ আলী, পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক আনোয়ারুল ইসলাম বাবু, বাজার কমিটির সাধারন সম্পাদক হাফিজুর রহমান বুলু প্রমুখ।

গতকাল শনিবার দুপুরে গাংনী বাজারের এসএম প্লাজার সাথী বস্ত্রালয়ের মালিক হেলাল ও তার ছোট ভাই বেলাল চাপাতি দিয়ে কুপিয়ে জখম করে সাবেক সভাপতি হাফজুর রহমান মানিক ও ছেলে সোহানসহ চারজনকে। মানিককে বাচাঁতে এগিয়ে আসেন আরো দুই ব্যাবসায়ী তাদেরও কুপিয়ে আহত করা হয়। অস্ত্রের মুখে ব্যাবসায়ীদের জিম্মি করে পালিয়ে যায় হেলাল ও তার লোকজন। এসময় জব্দ করা হয় হেলালের ব্যাবহৃত প্রাইভেট কার।